গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

**বিষয় : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কিত মার্চ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মু. নুরুজ্জামান শরীফ এনডিসি
পরিচালক (প্রশাসন ও অর্থ)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সম্মেলন কক্ষ।
তারিখ : ১৩-০৩-২০২৪ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিতি: সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় জানান যে, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র মধ্যে গত ১৪ জুন ২০২৩ তারিখ ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর হয়েছে। সভাপতি সভার বিষয়সমূহ আলোচনার জন্য সহকারী পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) ২০২৩-২০২৪ অর্থবছরের সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি উপস্থাপন করেন। সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

**এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র:**

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| [১] উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ **(সূচকের মোট মান-২৫)** | **[১.১] উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র প্রধান কার্যালয়ে জনবল নিয়োগ: (সূচকের মান-১০):** সহকারী পরিচালক (প্রশাসন) সভায় জানান যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র উপজেলা কার্যালয়ের জনবল নিয়োগ সংক্রান্ত অংশটি সংশোধনপূর্বক তদস্থলে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র প্রধান কার্যালয়ের জনবল নিয়োগ সংক্রান্ত বিষয়টি প্রতিস্থাপনের নিমিত্ত গত ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ১০০৫ নং স্মারকমূলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে সুপারিশ পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক উক্ত সুপারিশ অনুমোদন করা হয়। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র প্রধান কার্যালয়ের জনবল নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে বিগত ০৮ মে ২০২৩ হতে ০৭ জুন ২০২৩ তারিখ পর্যন্ত টেলিটক বাংলাদেশ লি: এর অনলাইন পোর্টালে আগ্রহী প্রার্থীগণের আবেদন গ্রহণ করা হয়। টেলিটক বাংলাদেশ লি: হতে প্রাপ্ত তথ্যমতে | [১.১] জুন ২০২৪ এর মধ্যে প্রধান কার্যালয়ের ১২টি শূন্যপদে জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, (প্রশাসন ও অর্থ)/ সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু |

| | | | |
|---|---|---|---|
| | ৬৭৩৩ জন প্রার্থীর আবেদন পাওয়া যায়। উক্ত পদের লিখিত ও মৌখিক পরীক্ষার কার্যক্রম সম্পাদনের জন্য ২৫,৬৮,০০০/- লক্ষ টাকা অগ্রীম উত্তোলনের আবেদনের প্রেক্ষিতে ১৮,৮৩,৪৫৫/- লক্ষ টাকা অগ্রীম উত্তোলনের জন্য অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ সম্মতি জ্ঞাপন করেন। সভাপতি মহোদয় জুন ২০২৪ এর মধ্যে প্রধান কার্যালয়ের ১২টি শূন্যপদে জনবল নিয়োগের কার্যক্রম সম্পাদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | | |
| | **[১.২]. উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র নিয়োগবিধি প্রণয়ন (সূচকের মান-০৫):** 'উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (কর্মচারী) নিয়োগ বিধিমালা সম্পর্কে জনাব মোঃ মাহবুব আলম, সহকারী পরিচালক (মনিটরিং), উশিব্যু'র নিকট জানতে চাইলে তিনি বলেন, 'উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৩' প্রণয়নপূর্বক গত ০১/১০/২০২৩ খ্রি. তারিখ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে ব্যুরো'র নিয়োগ বিধিমালা ১২/১০/২০২৩ খ্রি. তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে সচিব কমিটির সভায় উপস্থাপনের জন্য মন্ত্রিপরিষদে প্রেরণ করা হয়। বর্তমানে সচিব কমিটির সভায় উপস্থাপনের অপেক্ষায় রয়েছে। সহকারী পরিচালক (মনিটরিং), 'উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (কর্মচারী) নিয়োগ বিধিমালা'র কার্যক্রম সম্পাদন করার নিমিত্তে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সাথে যোগাযোগ করার জন্য উশিব্যু'র মহাপরিচালক মহোদয়কে অনুরোধ জানান। | **[১.২].** মন্ত্রিপরিষদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে 'উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (কর্মচারী) নিয়োগ বিধিমালা দ্রুত সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, (প্রশাসন ও অর্থ)/ সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু |
| | **[১.৩]. নির্ধারিত সময়ে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদ্‌যাপন (সূচকের মান-১০):** জাতীয়ভাবে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ০৮.০৯.২০২৩ খ্রি. তারিখে যথাযথভাবে উদযাপন করা হয়েছে এবং প্রমাণক সমূহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | **[১.৩]**.০৮.০৯.২০২৩খ্রি. তারিখে জাতীয়ভাবে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদ্‌যাপিত হয়েছে এবং প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে। | উপপরিচালক, (বাস্তবায়ন ও প্রশিক্ষণ)/সহকারী পরিচালক (বাস্তবায়ন), উশিব্যু |
| [২.১] উপানুষ্ঠানিক শিক্ষার গুরুত্ব ও কর্মসূচি সম্পর্কে প্রচার।<br>**সূচকের মোট মান-২০)** | **[২.১]. টিভিসি/ডকুড্রামা প্রস্তুত ও প্রচার (সূচকের মোট মান-১০) :** ২০২৩-২০২৪ অর্থবছরের টিভিসি/ডকুড্রামা প্রস্তুত ও প্রচারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৫টির মধ্যে ৪টি ডকুমেন্টারী প্রস্তুত করা হয়েছে। অবশিষ্ট ০১টি টিভিসি/ডকুড্রামা নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত করা হবে। | **[২.১].** অবশিষ্ট ০১টি টিভিসি/ডকুড্রামা নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, (বাস্তবায়ন, অর্থ ও লজি:)/সহকারী পরিচালক (বাস্তবায়ন), উশিব্যু |

| | | | |
|---|---|---|---|
| | **[২.২] লিফলেট/পোস্টার এর মাধ্যমে প্রচার (সূচকের মোট মান-১০):** উপপরিচালক (বাস্তবায়ন) সভায় অবহিত করেন যে, আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষ্যে ৫০০০ হাজার লিফলেট/পোস্টার মুদ্রণ করে ৬৪ জেলার উপানুষ্ঠানিক শিখন কেন্দ্রে বিতরণ করা হয়েছে। | **[২.২]** লিফলেট/পোস্টার এর প্রমাণকসমূহ সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, (বাস্তবায়ন, অর্থ ও লজি:)/সহকারী পরিচালক (বাস্তবায়ন, লজি:), উশিব্যু |
| [৩] বিদ্যালয় বহির্ভূত ও ঝরেপড়া শিশুদের জন্য উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা ও দক্ষতা প্রশিক্ষণের সুযোগ অবারিতকরণ<br><br>**(সূচকের মোট মান-১৫)** | **[৩.১]** [৩.১] **দক্ষতা উন্নয়নের লক্ষ্যে "Skill Focus Literacy for Out of School Adolescent (OoSA)" পাইলট কর্মসূচির টিএপিপি প্রণয়ন (সূচকের মান-১০):** বিদ্যালয় বর্তির্ভূত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র আওতায় জিপিই এর আর্থিক এবং ইউনিসেফ এর কারিগরি সহায়তায় কক্সবাজার জেলায় ১৪-১৮ বছর বয়সী ''বিদ্যালয় বহির্ভুত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা' পাইলট প্রকল্পের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রকল্পের মেয়াদ সেপ্টেম্বর ২০২৩ থেকে ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত। এ প্রকল্পের আওতায় ৬,৮২৫ জন কিশোর-কিশোরীদের দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা প্রদান করা হবে এবং কর্মসংস্থানের সাথে সংযোগ স্থাপন করা হবে মর্মে সহকারী পরিচালক (পরিকল্পনা) প্রতিবেদনে উল্লেখ করেন। | [৩.১] এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপপরিচালক, (পরিকল্পনা ও মনিটরিং)/সহকারী পরিচালক (পরিকল্পনা), উশিব্যু |
| | **[৩.২] দেশের বিদ্যালয় বহির্ভূত ও ঝরেপড়া শিশুদের জন্য (৮-১৪ বছর বয়সী) উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা প্রদানের লক্ষ্যে পাইলট কর্মসূচির ডিপিপি প্রণয়ন (সূচকের মান-০৫):** Basic Education and Skill Training for Urban Working Children (BEST): উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র আওতায় ৬৪টি জেলার ৬৪টি পৌরসভার ১০-১৪ বছর বয়সী বিদ্যালয় বহির্ভূত নিরক্ষর কর্মজীবী শিশুদেরকে উপানুষ্ঠানিক শিক্ষা পদ্ধতিতে ১ম-৫ম শ্রেণি পর্যন্ত ৩০,০০০ জনকে মৌলিক শিক্ষা প্রদান এবং ৫ম শ্রেণি সম্পন্নকারী ১৯২০০ জনকে বাজার চাহিদা অনুযায়ী জীবিকায়ন দক্ষতা প্রশিক্ষণ প্রদান করে কর্মের সাথে সংযুক্ত করা সম্পর্কিত Basic Education and Skill Training for Urban Working Children (BEST) শীর্ষক প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য গত ০৫ অক্টোবর ২০২৩ তারিখ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ভবিষ্যৎ কর্মপরিকল্পনার আওতায় মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত গাইডলাইন এর আলোকে নিজস্ব জনবলের মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে ৩২ জেলার ৩২টি উপজেলায় ১০-১৪ বছর বয়সী বিদ্যালয় | [৩.২] এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপপরিচালক, (পরিকল্পনা ও মনিটরিং)/সহকারী পরিচালক (পরিকল্পনা), উশিব্যু |

| | | | |
|---|---|---|---|
| | বর্হিভূত শিশুকে উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা প্রদান, ১৫-২৫ বছর বয়সীদের জন্য জীবিকায়ন দক্ষতা প্রশিক্ষণ প্রদান এবং কমিউনিটি লার্নিং সেন্টারের মাধ্যমে জীবনব্যাপী শিক্ষা চালু করার লক্ষ্যে Alternative Learning Opportunity for Out of School Children (ALO) শীর্ষক নতুন প্রকল্প প্রস্তাব (ডিডিপি) গত ১০ ডিসেম্বর ২০২৩ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এ বিষয়ে ১২ ডিসেম্বর ২০২৩ তারিখে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে একটি সভা হয়েছে। সভার সিদ্ধান্ত এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের পরামর্শ অনুযায়ী নতুন পুর্নগঠিত (বাংলায়) ডিপিপি গত ০৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | | |
| [৪] লার্নিং সেশন পরিচালনা **(সূচকের মোট মান-১০)** | [৪.১]. **সমসাময়িক বিষয়ে বিশেষ লার্নিং সেশন আয়োজনকরণ (সূচকের মান-১০):** সহকারী পরিচালক (প্রশিক্ষণ) উশিব্যু, সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের সমসাময়িক বিষয়ে ০৬টি বিশেষ লার্নিং সেশন আয়োজনের সিদ্ধান্ত রয়েছে। ইতোমধ্যে ০৬টি বিশেষ লার্নিং সেশনই সম্পন্ন করা হয়েছে। | [৪.১]. সমসাময়িক বিষয়ে বিশেষ লার্নিং সেশনের প্রমাণকসমূহ প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক, (প্রশিক্ষণ) / সহকারী পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু।, |

| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র:** | | | |
|---|---|---|---|
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ (সূচকের মান-৩০) | **শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন (সূচকের মান-১০):** সহকারী পরিচালক (প্রশিক্ষণ) উশিব্যু, সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরের গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী কোয়াটার ভিত্তিক প্রতিটি কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি কার্যক্রম বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | উপপরিচালক, (প্রশিক্ষণ)/সহকারী পরিচালক(প্রশিক্ষণ), উশিব্যু। |
| | **[১.২] ই-গভার্ন্যান্স/উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন (সূচকের মান-১০):** ২০২৩-২০২৪ অর্থবছরের গৃহীত ই-গভার্ন্যান্স/উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ই-গভার্ন্যান্স/উদ্ভাবনী কর্মপরিকল্পনার বিষয়ে আলাদা সভা করা হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনা করা হবে। | গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | সিস্টেম এনালিষ্ট, উশিব্যু। |
| | **[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন (সূচকের মান-৪):** উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) উশিব্যু সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরের গৃহীত অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনার বিষয়ে আলাদা সভা করা হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনা করা হবে। | গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/ সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু। |

| | | | |
|---|---|---|---|
| | **[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন (সূচকের মান-৩):** উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) উশিব্যু সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরের গৃহীত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার বিষয়ে আলাদা সভা করা হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনা হবে। | গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/ সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু। |
| | **[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন (সূচকের মান-৩):** তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে লাইব্রেরিয়ান, উশিব্যু সভায় অবহিত করেন। | গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | লাইব্রেরিয়ান ও তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মু. নুরুজ্জামান শরীফ এনডিসি)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০১.১৬.৪৪৪(অংশ-৯).২৩-৬৩৬

তারিখ: ০৬ চৈত্র ১৪৩০ / ২০ মার্চ ২০২৪

**কার্যার্থে:**

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু, ঢাকা।
২। সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), উশিব্যু, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। উপ-পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৪। সহকারী পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৫। সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল), জেলা.............................................
৬। লাইব্রেরিয়ান/ষ্টোর কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, উশিব্যু, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিব্যু, ঢাকা--(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে:**

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০/০৩/২০২৪

(মোহাঃ জালালুম বাঈদ)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
(চলতি দায়িত্ব)
ফোন: ০২-২২৬৬০১১১৬